


## LOCATION MAP OF PAIRA BRIDGE (LEBUKHALI BRIDGE)



# পায়রা সেতু (লেবুখালী সেতু)

## ভিত্তিপ্রস্তর স্থাপন

সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক বিভাগ  
যোগাযোগ মন্ত্রণালয়

তারিখ: ০৫ চৈত্র ১৪১৯ বঙ্গাব্দ  
১৯ মার্চ ২০১৩ খ্রিস্টাব্দ



## পটভূমি

ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কটির দৈর্ঘ্য ১৯১ কিলোমিটার। মহাসড়কটির বরিশাল-পটুয়াখালী অংশের ২৬তম কিলোমিটারে পায়রা নদী অবস্থিত। পায়রা নদীতে বর্তমানে ফেরীর মাধ্যমে যানবাহন পারাপার হচ্ছে। ইতঃপূর্বে বরিশাল-পটুয়াখালী সড়কাংশে কীর্তনখোলা নদীর উপর শহীদ আব্দুর রব সেরনিয়াবাত সেতু (দপদপিয়া সেতু) নির্মাণ করা হয়েছে এবং ২২ ফেব্রুয়ারি ২০১১ তারিখ হতে যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। বরিশাল-পটুয়াখালী সড়কাংশে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) এর নির্মাণ কাজ সম্পন্ন হলে বরিশাল থেকে পটুয়াখালী পর্যন্ত নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ স্থাপিত হবে।

পটুয়াখালী জেলার সর্বদক্ষিণে কুয়াকাটা সমুদ্র সৈকত একটি আকর্ষণীয় পর্যটন কেন্দ্র। পটুয়াখালী-কুয়াকাটা সড়কের পটুয়াখালী-খেপুপাড়া অংশের সংস্কার কাজ সমাপ্ত হয়েছে এবং খেপুপাড়া-কুয়াকাটা অংশের সংস্কার কাজ সমাপ্তির পথে। খেপুপাড়া-কুয়াকাটা অংশের খেপুপাড়ায় আন্দারমানিক নদীর উপর শহীদ শেখ কামাল সেতু, হাজীপুরে সোনাতলা নদীর উপর শহীদ শেখ জামাল সেতু এবং মহিপুরে খাপড়াভাঙ্গা নদীর উপর শহীদ শেখ রাসেল সেতুর নির্মাণ কাজ চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় বরিশাল-পটুয়াখালী সড়কের ২৬তম কিলোমিটারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও Kuwait Fund for Arab Economic Development (KFAED) এর যৌথ অর্থায়নে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

পায়রা সেতুসহ অপর তিনটি সেতুর নির্মাণ কাজ সম্পন্ন হলে রাজধানী ঢাকা থেকে সমুদ্র সৈকত কুয়াকাটায় স্বাচ্ছন্দ্যে পৌঁছানো যাবে। ফলে কুয়াকাটা সমুদ্র সৈকতে দেশী-বিদেশী পর্যটকদের সমাগম বৃদ্ধি পাবে, যা আমাদের জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া উক্ত অঞ্চলে উৎপাদিত মৎস্যসম্পদ ও কৃষিপণ্য রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলে পরিবহন ও বাজারজাতকরণ সহজতর হবে। সর্বোপরি এ অঞ্চলের জনসাধারণের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে তাদের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হবে।



লেবুখালী ফেরীঘাটে বর্তমানে ফেরী পারাপারের দৃশ্য



পায়রা নদীতে দেশীয় নৌকায় চলাচলের দৃশ্য



কুয়াকাটা সমুদ্র সৈকত

## প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ
বাস্তবায়নকারী	: সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং Kuwait Fund for Arab Economic Development (KFAED)
প্রকল্প ব্যয়	: মোট - ৪১৩ কোটি ২৯ লক্ষ টাকা জিওবি - ৭৭ কোটি ৩ লক্ষ টাকা KFAED - ৩৩৬ কোটি ২৬ লক্ষ টাকা
প্রকল্পের মেয়াদ	: এপ্রিল ২০১২ - ডিসেম্বর ২০১৬
সেতুর অবস্থান	: বরিশাল-পটুয়াখালী সড়কের ২৬তম কিলোমিটার
সেতুর দৈর্ঘ্য	: ১৪৭০ মিটার
সেতুর প্রস্থ	: ১৯.৭৬ মিটার (৪ লেইন)
এ্যাপ্রোচ সড়ক	: ৮৯০ মিটার (বরিশাল প্রান্ত ৩০০ মিটার ও পটুয়াখালী প্রান্ত ৫৯০ মিটার)
তীর রক্ষাপ্রদ কাজ	: ৭০০ মিটার (উভয় প্রান্ত)
সেতুর ধরণ	: Extradosed Cable Stayed
স্প্যান সংখ্যা	: ৩২
পিয়ার সংখ্যা	: ৩১
এবাটমেন্ট সংখ্যা	: ০২
স্প্যান বিন্যাস	: ২ x ১১৫ মিটার + ২ x ২০০ মিটার + ২৮ x ৩০ মিটার
নেভিগেশন ক্লিয়ারেন্স	: ভার্টিকেল - ১৮.৩০ মিটার হরাইজন্টাল - ১৪৪ মিটার
ফাউন্ডেশনের ধরণ	: Cast-in-situ Bored Pile
ফুটপাথের প্রস্থ	: ২ x ০.৯০ মিটার
বিদ্যুতায়ন	: সৌর বিদ্যুত